


নটর ডেমে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ, সুযোগ পাবেন ৩,২৯০ শিক্ষার্থী



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ জুলাই ২০২৫ | ২২:২৪



রাজধানীর নটর ডেম কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। কলেজটি নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি পরীক্ষা ও জিপিএ'র নম্বরের সমন্বয়ে শিক্ষার্থী নির্বাচন করে ভর্তি নেবে। এবার কলেজটিতে মোট তিন হাজার ২৯০ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন।

আজ শনিবার কলেজের একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তির তথ্যমতে, আগামী ২৯ জুলাই থেকে অনলাইনে এ আবেদন শুরু হবে। চলবে ৭ আগস্ট পর্যন্ত।

ভর্তি আবেদনের ন্যূনতম যোগ্যতায় বলা হয়েছে, বিজ্ঞান বিভাগের বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সন (উচ্চতর গণিতসহ) জিপিএ-৫, মানবিক বিভাগে জিপিএ-৩ ও ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪ থাকতে হবে। এসএসসিতে বাংলা ভার্সনের শিক্ষার্থীরা ইংরেজি ভার্সনের জন্য আবেদন করতে পারবেন না। ‘ও’ লেভেলের শিক্ষার্থীদের আবেদন নেওয়া হয় না।

২০২৫-২৬ শিক্ষাবর্ষে কলেজটির বিজ্ঞান বিভাগে আসনসংখ্যা ২ হাজার ১২০টি। এর মধ্যে বাংলা মাধ্যমে এক হাজার ৮১০ ও ইংরেজি মাধ্যমে ৩১০টি। আর মানবিক বিভাগে ৪১০ ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৭৫০টি।

নটর ডেম কলেজ গত বছর যোগ্যতা চেয়েছিল বিজ্ঞান বিভাগে বাংলা ও ইংরেজি ভার্সনে উচ্চতর গণিতসহ জিপিএ-৫, মানবিক বিভাগে জিপিএ-৩ ও ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪। এসএসসিতে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভার্সনের জন্য আবেদন করতে পারবেন না। ‘ও’ লেভেলের শিক্ষার্থীদের আবেদন নেওয়া হবে না।

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪.২৫, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে আবেদন করতে ন্যূনতম জিপিএ ৩.৫০ লাগবে।

হলি ক্রস কলেজ

রাজধানীর হলি ক্রস কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। নিজস্ব প্রক্রিয়ায় ভর্তির জন্য জিপিএসহ যোগ্যতার শর্ত প্রকাশ করেছে শিক্ষাপ্রতিষ্ঠানটি। আগ্রহী প্রার্থীরা আগামী ৩০ জুলাই থেকে ৩ আগস্ট রাত ১২টার মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন। প্রতিষ্ঠানটির ভর্তি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তি অনুযায়ী, এবার বিজ্ঞান বিভাগে আসন রয়েছে ৭৮০টি, মানবিক শাখায় আসন ২৬০টি ও ব্যবসায় শিক্ষায় রয়েছে ২৭০টি আসন। শূন্য আসনের বিপরীতে আবেদন করতে পারবেন। অনলাইনে ভর্তি আবেদনের পর আগামী ৮ আগস্ট (শুক্রবার) বিজ্ঞান বিভাগের ও ৯ আগস্ট (শনিবার) মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিজ্ঞান বিভাগ থেকে বাংলা, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন, উচ্চতর গণিত ও জীববিজ্ঞান বিষয়ে ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মানবিকে বাংলা, ইংরেজি, সাধারণ গণিত, ভূগোল, পৌরনীতি, অর্থনীতি, ইতিহাস ও সাধারণ জ্ঞান এবং ব্যবসায় শিক্ষা শাখায় বাংলা, ইংরেজি, সাধারণ গণিত, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স ও ব্যাংকিং, ব্যবসায় উদ্যোগ ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব পরীক্ষা এসএসসি ২০২৫ সালের সিলেবাসে অনুষ্ঠিত হবে। এতে জানানো হয়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষার ভিত্তিতে চূড়ান্ত ভর্তির জন্য মনোনীত করা হবে। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য হলি ক্রস কলেজের নিজস্ব ওয়েবসাইট থেকে বিস্তারিত জানা যাবে।